দৈনিক ইনকিলাব
তারিখ 28 AUG 1993
পৃষ্ঠা 4 কলাম 4

## শিক্ষাঙ্গনে

### উচ্চ মাধ্যমিক পরীক্ষার মনোবিজ্ঞান প্রশ্ন

সদ্য সমাপ্ত ১৯৯৩ সালের ঢাকা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষার মনোবিজ্ঞান প্রথম পত্রের প্রশ্নে 'খ' বিভাগে একটি প্রশ্ন ছিল, '৪, ৫, ৮. ৭, ৬, ১০, ৬ সংখ্যাগুলোর প্রচুরক নির্ণয় কর'। প্রচুরকের সংজ্ঞা অনুযায়ী কোন উপায়েও যেই সংখ্যাটি সবচেয়ে বেশীবার থাকে, সেই সংখ্যাটিই প্রচুরক। অতএব, অনেক ছাত্র-ছাত্রী উত্তর দিয়েছে।

নির্ণেয় প্রচুরক ৬। কেননা, প্রশ্নে ৬ সবচেয়ে বেশীবার (দুইবার) আছে। সংজ্ঞা অনুযায়ী এই উত্তর সঠিক। কিন্তু অবিন্যস্ত উপাত্তের প্রচুরক নির্ণয়ের সূত্র হলো, প্রচুরক (Mode)- ৩ মধ্যমা Medion) — ২ গড় (Mean)। তাই অনেক ছাত্র-ছাত্রী এই সূত্র অনুসরণ করে মধ্যমা ও গড় বের করে প্রচুরক নির্ণয় করেছে। যারা এই সূত্র অনুসরণ করেছে, তাদের প্রচুরক হয়েছে ৪.৮। এখানে উল্লেখ্য যে, অনেক ক্ষেত্রে দেখা যায় কোন সংখ্যার পুনরাবৃত্তি ঘটলেই সেই সংখ্যাকে প্রচুরক বলে বিবেচনা করা হয় না।

('মনোবিজ্ঞান'— আবু বকর ছিদ্দিক, ৩৪৮ পৃষ্ঠার ১৫:৫ নং প্রশ্ন)।

অতএব, সংজ্ঞা ও সূত্র বিবেচনা করলে উভয় উত্তরই সঠিক বলে বিবেচিত হয়। এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের সুবিবেচনা প্রত্যাশা করছি।

—বীথি,
ভিকারুন নিসা নূন কলেজ, ঢাকা।